যুগান্তর

তারিখ ... 23 JUL 2013 ...
পৃষ্ঠা ... ২১ ... কলাম ... ২ ...

# সভাপতিকে গ্রেফতারের প্রতিবাদে সারা দেশে ছাত্রদলের বিক্ষোভ

যুগান্তর রিপোর্ট

ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি রাজীব আহসানকে গ্রেফতারের প্রতিবাদে বুধবারও রাজধানীসহ দেশের সব থানা, পৌর ও কলেজে বিক্ষোভ মিছিল করছে ছাত্রদল। পূর্ব ঘোষণা অনুযায়ী তারা এই বিক্ষোভ কর্মসূচি পালন করে। ছাত্রদল এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, সকালে তিতুমীর কলেজ ছাত্রদলের উদ্যোগে মহাখালী পুলিশ ফাঁড়ি থেকে একটি বিক্ষোভ মিছিল আইসিডিডিআরবি হাসপাতালের ফটকে গিয়ে শেষ হয়। তিতুমীর কলেজ ছাত্রদলের সভাপতি ইসমাইল খান (শাহিন) , সাধারণ সম্পাদক এমএ আউয়াল খান, সহ-সভাপতি তসলিম আহসান, মামুনুর রশীদ, সহ-সম্পাদক এমএম বাবুল আক্তার শান্ত, রেজওয়ানুল হক প্রমুখ মিছিলে নেতৃত্ব দেন। খিলক্ষেত এলাকায় থানা ছাত্রদল বিক্ষোভ মিছিল করেছে সংগঠনের যুগ্ম আহ্বায়ক শওকত উল ইসলাম সৈকতের নেতৃত্বে। থানা ছাত্রদল নেতা সম্রাট হোসেন, আসাদ বাবু, রকিবুর রহমান প্রমুখ এতে অংশ নেন। ঢাকা উত্তর ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিলে ছিলেন জাহিদুল ইসলাম সেলিম, রবি, সাইফুল, কাউছার, শাওন প্রমুখ। উত্তরা পশ্চিম থানা ছাত্রদলও বিক্ষোভ মিছিল করেছে। আশরাফুল হোসেন মামুনের নেতৃত্বে মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। শাহাজাহানপুর থানা ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিলে ছাত্রনেতা এএনএম সাইফুল্লাহ খালিদ বিন রাজন, ইমরান খান ইমন, হিরা প্রমুখ অংশ নেন। সবুজবাগ থানা ছাত্রদলের উদ্যোগে ওই এলাকায় বিক্ষোভ মিছিল হয়েছে। শাহবাগ থানা ছাত্রদলের উদ্যোগে বকশীবাজারে মিছিলে অংশ নেন থানা ছাত্রদলের সভাপতি গোলাম কিবরিয়া শাহীনসহ বাপ্পী, সজীব, নাজমুল, বিপ্লব, মেহেদী, মহসীন প্রমুখ। লক্ষ্মীবাজারে সরকারি কবি নজরুল কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন রিন্টুর নেতৃত্বে মিছিল করেছে ছাত্রদল। আল মামুন পান্নার নেতৃত্বে মুগদা থানায় বিক্ষোভ মিছিল হয়েছে। এছাড়া মতিঝিল, শাহাজাহানপুরেও বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল। কামরাঙ্গীরচর থানা ছাত্রদলের মিছিলটি চান মসজিদ থেকে শুরু হয়ে খলিফ ঘাট গিয়ে শেষ হয়। এতে থানা ছাত্রদলের সভাপতি এমএ গাফফার এবং সাধারণ সম্পাদক সোহেল আরমানসহ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। যাত্রাবাড়ীতেও থানা ছাত্রদল নেতা মঞ্জুর আলম খান রানা এবং শামীম মাহমুদের নেতৃত্বে ধলপুর-গোলাপবাগ বিশ্বরোডে বিক্ষোভ মিছিল হয়েছে। ঢাকা দক্ষিণ ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক আবদুল হাই পল্লবের নেতৃত্বে একটি মিছিল বের হয়। এই মিছিলে সংগঠনের ডেমরা থানার সাবেক সাধারণ সম্পাদক মনির খান, বর্তমান সম্পাদক তাজ মাহমুদ, সিনিয়র সহ-সভাপতি রাকিব, রুবেল প্রমুখ মিছিলে অংশ নেন।

এদিকে গ্রেফতার ছাত্রদল সভাপতির নিঃশর্ত মুক্তির দাবিতে শরীয়তপুরে শহরের চৌরঙ্গী মোড় এলাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে সংগঠনের নেতাকর্মীরা। শেরপুরে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রদল। বিক্ষোভ মিছিলটি শেরপুর সরকারি কলেজ থেকে শুরু করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতৃত্ব দেন জেলা ছাত্রদল সম্পাদক কামরুল হাসান। পিরোজপুরে নেছারাবাদ থানা ও কলেজ ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিল হয়েছে। বরিশাল জেলার মঠবাড়ীয়া উপজেলা পৌর ও কলেজ শাখার উদ্যোগে মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। হাটহাজারী প্রতিনিধি জানান, ছাত্রদলের সভাপতি রাজীব আহসানকে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে হাটহাজারী থানা, পৌরসভা ও হাটহাজারী বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রদলের নেতাকর্মীরা। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বুধবার বিকালে হাটহাজারী বাসস্টেশনে দলীয় কার্যালয় থেকে মিছিলটি বের হয়। তবে মিছিল শেষে সমাবেশ করতে গেলে পুলিশের ধাওয়ায় তা পণ্ড হয়ে যায়।